

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫৬০

২৭/ আদব

পরিচ্ছেদঃ মুসলিমদের দোষ-ক্রটি গোপন রাখা জরুরী এবং বিনা প্রয়োজনে তা প্রচার করা নিষিদ্ধ

## আরবী

وَعَنهُ قَالَ: أُتِيَ النَّبِيَّ عَلَيْ بِرَجُلٍ قَدْ شَرِبَ خَمْراً قَالَ اضْربُوهُ قَالَ أَبُو هريرة: فَمِنَّا الضَّارِبُ بِيَدِهِ وَالضَّارِبُ بِثَوبِهِ فَلَمَّا انْصرَفَ قَالَ بَعض القَومِ: الضَّارِبُ بِثَوبِهِ فَلَمَّا انْصرَفَ قَالَ بَعض القَومِ: أَخْزَاكَ الله، قَالَ لا تَقُولُوا هَكَذا لاَ تُعِينُوا عَلَيهِ الشَّيْطَانَ رواه البخاري

## বাংলা

(৩৫৬০) উক্ত রাবী (রাঃ) থেকেই বর্ণিত, তিনি বলেন, (একদা) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এক মাতালকে উপস্থিত করা হল। তিনি তাকে প্রহার করার আদেশ দিলেন। আবৃ হুরাইরাহ (রাঃ) বলেন, আমাদের মাঝে কেউ তাকে হাত দ্বারা, কেউ জুতা দ্বারা এবং কেউ বা কাপড় দ্বারা প্রহার করল। লোকটি যখন চলে গেল, তখন এক ব্যক্তি বলল, 'আল্লাহ তোকে লাঞ্ছিত করুক।' তখন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, এরূপ বলো না; তার বিরুদ্ধে শয়তানের সাহায্যকারী হয়ো না।

## ফুটনোট

(বুখারী ৬৭৭৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন